**Series : SOS/1** Code No. **5/1**

Roll No. | | | | | | | |

Candidates must write the code on the title page of the answer-book.

- Please check that this question paper contains **4** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **16** questions.
- **Please write down the serial number of the question before attempting it.**
- 15 Minutes time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the student will read the question paper only and will not write any answer on the answer script during this period.

# BENGALI
# বাংলা

*Time allowed : 3 Hours* *Maximum Marks : 100*

সময় : 3 ঘন্টা সর্বমোট অঙ্ক : *100*

## SECTION – A

1. ধ্বনিতত্ত্বের নিম্নলিখিত রীতিগুলির মধ্যে যে কোন **একটির পাঁচটি** = উদাহরণসহ সংজ্ঞা লেখ । **5 + 5 = 10**

   (ক) অপিনিহিতি

   (খ) স্বরসংগতি

   (গ) অভিশ্রুতি

2. যে কোন **দুটি** অলঙ্কারের উদাহরণসহ সংজ্ঞা লেখ । **5 + 5 = 10**

   (ক) চঞ্চল আলোক আশার মতন কাঁপিছে জলে ।

   (খ) কোথা হা হন্ত, চির বসন্ত, আমি বসন্তে মরি ।

   (গ) মধুহীন কোরো না গো তব মন: কোকনদে ।

   (ঘ) ভূত নাচাইয়া পতি ফেরে ঘরে ঘরে ।
   না মরে পাষাণ বাপ দিলা হেন বরে ।।

   (ঙ) নয়নে তব হে রাক্ষস পুরি,
   অশ্রুবিন্দু, মুক্তকেশী শোকাবেশে তুমি ।

3. যে কোন **পাঁচটি** বাগ্‌ধারার অর্থ লিখে বাক্য রচনা কর । **10**

মামা বাড়ির আব্দার, ছেলের হাতের মোয়া, উলুবনে মুক্তো ছড়ানো, তেলা মাথায় তেল দেওয়া, দুনৌকোয় পা, ঢাক পিটানো, অকাল কুষ্মান্ড, কলুর বলদ ।

## SECTION – B

4. শিরোনাম দিয়ে অনুচ্ছেদটির সারাংশ লেখ । **2 + 8 = 10**

মনুষ্যদেহ পঞ্চভূতে মিশলেও জীবাত্মা কখনও মরে না । তদ্রূপ মৃত্যুমুখে পতিত হলেও জাতির শিক্ষা, দীক্ষা ও সভ্যতার ধারাই তার আত্মা ; জাতির সৃষ্টিশক্তি যখন বিলুপ্ত হয় তখন বুঝতে হবে যে জাতি মরতে বসেছে । আহার, নিদ্রা ও সন্তান উৎপাদন তখন তার-কার্যতালিকা হয়ে দাঁড়ায় এবং গতানুগতিক পন্থা অনুসরণ করাই তার একমাত্র নীতি বলে পরিগণিত হয় । এ অবস্থায় পড়েও কোন কোন জাতি আবার বেঁচে ওঠে, যদি তার অস্তিত্বের সার্থকতা থাকে । অন্ধকারময় যুগ যখন জাতিকে এসে গ্রাস করে তখন সে কোনো প্রকারে নিজের শিক্ষা, দীক্ষা ও সভ্যতার ধারা-বাঁচিয়ে রাখে, অন্য জাতির সঙ্গে মিশে ভূত হয়ে যায় না । তার পর অদৃষ্ট বা ভগবানের ইঙ্গিতে আবার নবজাগরণ দেখা যায় । অন্ধকার ধীরে ধীরে অপসারিত হয়; প্রসুপ্ত জাতি আবার চোখ খোলে; তার সৃষ্টি-শক্তি ফিরে আসে । সহস্রদল পদ্মের মতো জাতির প্রাণধর্ম আবার ফুটে উঠে এবং নব নব রূপে, নব নব ভাবে ও নব নব দিকে আত্মপ্রকাশ লাভ করে । এরূপ অনেক মৃত্যু ও জাগরণের ভিতর দিয়ে ভারতীয় জাতি চলে এসেছে, কারণ ভারতের একটা mission আছে - ভারতীয় সভ্যতার একটা উদ্দেশ্য আছে যা আজ ও সফল হয় নাই ।

ভারতের এই mission–এ যার বিশ্বাস আছে সেই ভারতবাসীরাই শুধু বেঁচে আছে । ভারতের তেত্রিশ কোটি লোক যে বাঁচার মতো বেঁচে আছে একথা সত্য নহে । ভারতের এবং বাংলার তরুণদের এই বিশ্বাস আছে–তাই তারা বেঁচে আছে ।

## SECTION – C

5. তোমার ভবিষ্যৎ জীবনের স্বপ্ন বা পরিকল্পনার কথা জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ । **4 + 6 = 10**

**অথবা**

তুমি হোস্টেলে চলে আসাতে মায়ের অসুবিধার কথা জেনে তার জন্য দু:খ প্রকাশ করে মাকে একটি চিঠি লেখ ।

**গদ্যাংশ**

6. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ । **5**

কিন্তু আমাদের পণ্যক্রিয়ার মধ্যে সজীব সহৃদয় মনুষ্যত্বের মধুর সংস্পর্শে যে একটি নিগূঢ় আনন্দ ছিল, ইহাতে সেটুকু দিতে পারে না স্বীকার করিতে হয় ।

**অথবা**

সামান্য খড়কুটা দিয়া পাখি যে বাসা বাঁধে সে বাসায় বিদ্যা বেশি ধরে না । তাই সকলের আগে দরকার ভালো করিয়া খাঁচা বানাইয়া দেওয়া ।

7. "মহারাজ পাখিটার শিক্ষা পুরা হইয়াছে ।" 2 + 2 + 2 + 3 = 9

(ক) কোন্ রচনা এবং কার লেখা থেকে নেওয়া হয়েছে ?

(খ) কোন্ প্রসঙ্গে বলা হয়েছে ?

(গ) কি করে বোঝা গেল যে পাখিটার শিক্ষা পুরো হয়েছে ?

(ঘ) এ অংশে লেখক আসলে কী বলতে চান ?

**অথবা**

"এক্ষণে আর অতিরিক্ত পুরস্কার দেওয়া যাইতে পারেনা । বিশেষ অপরিমিত লোভ ভালো নয় ।"

(ক) কার লেখা এবং কোন্ রচনার অন্তর্গত ?

(খ) কে কাকে বলেছেন ?

(গ) বক্তা কখন একথা বলেছেন ?

(ঘ) 'অপরিমিত লোভ' দ্বারা বক্তা কী বোঝাতে চেয়েছেন ?

8. বিধাতা আমাকে যে এত সৌভাগ্য সুখ দিয়াছেন তাহা সকলের সহিত বন্টন করিয়া না লইলে ইহার সফলতা কোথায় ? উৎসব্ ইহারই উপলক্ষ । 2 + 4 = 6

(ক) 'শুভ উৎসব' রচনাটির লেখক কে ?

(খ) 'উৎসব' কীসের উপলক্ষ তা বিস্তৃত ভাবে বোঝাও ।

**অথবা**

"অনাহারে মরিয়া যাইবার জন্য
এ পৃথিবীতে কেহ আইসে নাই ।"

(ক) রচনাটির লেখক কে ?

(খ) আলোচ্য অংশটি অবলম্বনে রচনাটির মূলভাব লেখ ।

**পদ্যাংশ**

9. সপ্রসঙ্গ ব্যাখ্যা কর : 5

রক্তমাখা অস্ত্রহাতে যত রক্ত আঁখি
শিশুপাঠ্য কাহিনীতে থাকে মুখ ঢাকি ।

**অথবা**

জ্বলন্ত-পাবক-শিখা লোভে তুই কাল-ফাঁদে
উড়িয়া পড়িলি ।

10. লৌহবাঁধা পথে **1 + 2 + 3 = 6**

অনলনিশ্বাসী রথে

প্রবল ইংরেজ,

বিকীর্ণ করেছে তার তেজ ।

(ক) কোন্ কবিতার অংশ ?

(খ) 'অনলনিশ্বাসী রথ' মানে কী ?

(গ) ইংরেজ ভারতে আসার আগে আর কোন্ কোন্ সাম্রাজ্য লোভী শক্তির আসার কথা এ কবিতার বলা হয়েছে ?

অথবা

আঠারো বছর বয়সের তাৎপর্য এবং জয়ধ্বনি করার কারণগুলি 'আঠারো বছর বয়স' কবিতাটি অবলম্বনে লেখ ।

11. কবি কোন্ আশার ছলনায় ভুলেছেন এবং নিজের মনকে কী বলে তিরস্কার করছেন তা 'আত্মবিলাপ' কবিতাটি অবলম্বনে লেখ । **4**

অথবা

প্রাণ দেওয়া নেওয়া ঝুলিটা থাকেনা শূন্য

সঁপে আত্মাকে শপথের কোলাহলে ?

'আঠার বছর বয়স' কবিতায় কবি 'প্রাণ দেওয়া নেওয়া ঝুলি' বলতে কী বুঝিয়েছেন ? আত্মাকে শপথের কোলাহলে সঁপে দেওয়ার অর্থ কী ?

12. "মেজদার দুর্ভাগ্য, তাঁহার নির্বোধ পরীক্ষকগুলা তাঁহাকে কোনদিন চিনিতেই পারিলনা" **2 + 3 + 5 = 10**

(ক) বক্তা কে ?

(খ) মেজদার দুর্ভাগ্য কেন ?

(গ) প্রাসঙ্গিক ঘটনাটি সংক্ষেপে বর্ণনা কর ।

অথবা

(ক) গৌরী তৈওয়ারীর কিশোরী কন্যার শ্বশুর বাড়ি কোথায় ছিল ?

(খ) শ্রীকান্ত তাকে কোন্ সময়ে দেখেন এবং বাঙালী বলে কীভাবে চিনতে পারেন ?

(গ) মেয়েটির দুঃখের কথা সংক্ষেপে লেখ ।

13. টীকা লেখ : (যে কোন **একটি**) **5**

(ক) শাহ্‌জী

(খ) নতুনদা

(গ) ইন্দ্রনাথ

(ঘ) অন্নদাদিদি